

অতনু বন্দ্যোপাধ্যায়
জেলখানার দিনগুলি

রাখা আছে সূর্যাস্ত এই ঘরের ভেতর। আর মাঠ থেকে তুলে আনা গোলাপজল।
বিন্দু থেকে থানিকটা পিনের শব্দ তখন সরাইখানায়। একটু ফোঁটার অপেক্ষায়।

হাঁটুমেড়ে বসে থাকা শিশির নিয়ে সামান্য আলো জ্বলছে।
আর অ্যাশট্রে থেকে তুলে রাখা বন্ধুর ক্রমাগত।

শেষের হাত ধরে স্নানবেলার সীমিত বাজিয়ে
কেউ আর উলু দিচ্ছে না।

ভেজা চোখের চারপাশে কেউ বলছে না
শরীর সামলাতে।